

নতুন গড়ে ওঠা ভার্চুয়াল পরিচিতি

- সপ্তম শ্রেণির ডিজিটাল প্রযুক্তি বইয়ের তৃতীয় অধ্যায়ে তোমরা ভার্চুয়াল পরিচিতি সম্পর্কে পড়েছ। আধুনিক যুগে চাক্ষুষ পরিচিতির বাইরে নতুন করে গড়ে ওঠা ভার্চুয়াল পরিচিতি নিয়ে আরো যা জানতে পারো—

আল সানি

০২ মার্চ, ২০২৫ ০৯:২৮

শেয়ার

অ +

অ -



ভার্চুয়াল দুনিয়ায় গড়ে উঠছে মানুষের নতুন পরিচয়। ছবি : সংগৃহীত

অনলাইনে পরিচয়, সেখানেই দিন-রাত কথা চলে। কথা এতটাই গভীর হতে থাকে যে মন দেওয়া-নেওয়া শেষ।

সামাজিক যোগাযোগ মাধ্যম ও বিভিন্ন ডেটিং সাইট অ্যাপগুলোতে এগুলো চলছে হরহামেশা। ডিজিটাল যুগে পরিচয়ের সংজ্ঞা বদলে গেছে অনেক আগেই।

এখন পরিচিতি শুধু মুখোমুখি আলাপে সীমাবদ্ধ নেই, বরং ভার্চুয়াল দুনিয়ায়ও গড়ে উঠছে মানুষের নতুন পরিচয়। যার বাস্তব উদাহরণ সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যাপক উত্থান।

বাস্তব জীবনে বিভিন্ন ক্ষেত্রে আমাদের ভিন্ন ভিন্ন পরিচিতি থাকে। বিদ্যালয়ে বা প্রাতিষ্ঠানিকভাবে এক ধরনের পরিচিতি, আবার পরিবারে বা বন্ধুবান্ধবের কাছে আরেক ধরনের পরিচিতি থাকে।

আরেকটা জগতেও এখন আমাদের পরিচিতি থাকতে শুরু করেছে, সেটি হলো ভার্চুয়াল জগৎ। ভার্চুয়াল জগতে সরাসরি আমাকে কেউ দেখে না, কিন্তু আমার ডিজিটাল উপস্থিতি দেখে সবাই। সামাজিক যোগাযোগ মাধ্যম, অনলাইন ফোরাম, গেমিং প্ল্যাটফরমসহ বিভিন্ন ডিজিটাল মাধ্যমে আমরা নিজেদের পরিচয় তৈরি করছি, যা বাস্তব জীবনের পরিচয়ের সঙ্গে মিলে যেতে পারে। আবার অনেক সময় আলাদা হলেও অবাক হওয়ার মতো কিছু থাকবে না।

ফেসবুক, টুইটার, ইনস্টাগ্রাম কিংবা লিংকডইনের মতো প্ল্যাটফরমে মানুষ নিজেদের নাম, ছবি, পছন্দ-অপছন্দ, মতাদর্শ ও পেশাগত দক্ষতা তুলে ধরে। অনেকেই ব্যক্তিগত জীবনের বিশেষ মুহূর্তগুলো শেয়ার করেন, আবার কেউ কেউ একেবারে নতুন এক সত্তা তৈরি করতে থাকে। ভার্চুয়াল পরিচিতির বড় দিক হলো, এটি বাস্তব জীবনের চেয়ে নিয়ন্ত্রিত। এখানে কেউ চাইলে নিজের দুর্বল দিকগুলো আড়াল করতে পারে, আবার ইচ্ছামতো নিজেকে উপস্থাপনও করতে পারে।

ভার্চুয়াল পরিচিতির অনেক সুবিধা আছে।

এটি মানুষের সঙ্গে সহজে যোগাযোগ তৈরির সুযোগ করে দেয়, পেশাগত ক্ষেত্রে শক্তিশালী করে এবং বিনোদনের দুনিয়া বিস্তৃত করে। বিশেষ করে ডিজিটাল মার্কেটিং, রিমোট কাজ বা ফ্রিল্যান্সিংয়ে ভার্চুয়াল পরিচিতির গুরুত্ব ব্যাপক।

একজন ব্যক্তি যদি অনলাইনে ভালো ইমেজ গড়ে তুলতে পারে, তাহলে তার জন্য ক্যারিয়ারের সম্ভাবনা আরো উজ্জ্বল হতে পারে। তবে ভার্চুয়াল পরিচিতির সঙ্গে কিছু চ্যালেঞ্জও রয়েছে। অনলাইনে ছদ্মপরিচয় নেওয়ার সুযোগ থাকায় অনেকেই ভুল তথ্য দিয়ে প্রতারণা করতে পারে। সাইবার অপরাধের বড় একটি অংশ জুড়ে আছে ভুয়া পরিচয়ের ব্যবহার।

অনেকেই ভার্চুয়াল পরিচিতিকে এতটাই গুরুত্ব দেয় যে বাস্তব জীবনের সম্পর্ক ও অভিজ্ঞতা উপেক্ষিত হয়ে যায়। ফলে মানসিক স্বাস্থ্যের ওপরও এর প্রভাব পড়ে।